# প্রশিক্ষণার্থীদের শিক্ষণচিন্তনের রূপরেখা
# (Training Module)

## এন. পি. এম. / অ-রাসায়নিক বা জৈব চাষ ব্যবস্থাপনা
## Non Pesticide Management

স্বনির্ভর দলের মহিলাদের জৈব সার ও জৈব ঔষধ তৈরীর বিষয়ে ৫ দিনের আবাসিক প্রশিক্ষণ শিবির

**5 Days Residential Training Programme on Bio Manure & Bio Pesticide for SHG member.**




সহায়তায় ঃ মহিলা কিষাণ সশক্তিকরণ পরিযোজনা (আজীবিকা মিশন) এবং আনন্দধারা
রূপায়ণে : লোক কল্যাণ পরিষদ, ২৮/৮, লাইব্রেরী রোড, কলকাতা - ৭০০০২৬
Website: www.lkp.org.in

Loka Kalyan Parishad

# এন. পি. এম.
# Non Pesticide Management

প্রশিক্ষণের মেয়াদ : ৫ দিন/৬ ঘন্টা প্রতিদিন
অংশগ্রহণকারী : নতুন দলের সকল সদস্যা
অংশগ্রহণকারীর সংখ্যা : ৩০-৩৫ জন (৩-৪টি দল)
প্রশিক্ষণার্থী : প্যারা প্রফেশনাল/সি আর পি/গ্রাম পঞ্চায়েত মেম্বার/মেয়েদের দল বা সংঘের লিডার/মহিলা কিষাণ

**প্রশিক্ষণের উদ্দেশ্য:**

**প্রশিক্ষণের অংশগ্রহণকারীদের -**

১। পরিবারের সামগ্রিক রোজগারের পথে মেয়েদের ভূমিকা ও তার আয় মান্যতা পাওয়া।
২। পরিবারের রোজগার বাড়াতে স্বনির্ভর দলের মহিলাদের জৈব সার ও জৈব ঔষধ তৈরির ব্যবস্থা করা।

৪। দলের কর্মপরিকল্পনা তৈরি - জৈব সার ও জৈব ঔষধ তৈরির ব্যবস্থা করা এবং তার প্রয়োগবিধির মাধ্যমে মাটির স্বাস্থ্য, গাছের স্বাস্থ্য, পরিবেশের স্বাস্থ্য তথা রোগমুক্ত জীবন লাভের ধারনা প্রদান।
৫। ক্ষুদ্র ঋণ পরিকল্পনার মাধ্যমে উদ্যোগপতি হওয়ার ধারণা প্রদান।
৬। মহিলা কিষাণদের আরও বেশি বাজারজাত করণের ধারণা প্রদান।
৭। পাশাপাশি প্রচুর সম্পদকর্মী তৈরি করা যারা এই প্রকল্প এগিয়ে নিয়ে যেতে সক্ষম হবেন।

প্রশিক্ষক : জেলা বা ব্লক স্তরীয় প্রশিক্ষক/আর পি (এন আর এম)/পি পি (Trained)/State Govt, Experts
স্থান : লোক কল্যাণ পরিষদের আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র/অন্যান্য উপযুক্ত স্থান

## প্রশিক্ষকদের উদ্দেশ্যে কিছু কথা

নিম্নলিখিত বিষয়গুলি অনুসরণ করে চলার চেষ্টা করলে প্রশিক্ষণ কর্মসূচিটি ভালভাবে সম্পন্ন হবে বলে আশা করা যায়।

**প্রশিক্ষণের পূর্বে:**

- প্রশিক্ষণসূচি সহ সমস্ত উপকরণ (টুল কিটস্) এবং রেজিস্ট্রেশন ফর্ম গুছিয়ে রাখা।
- অংশগ্রহণকারীদের কমপক্ষে ১৫ দিন আগে জানানো এবং প্রত্যেকে খবর পেয়েছে কিনা তা দেখা।
- থাকা খাওয়া ও অন্যান্য বিষয়ে উদ্যোক্তাদের সাথে সমন্বয় রক্ষা করে চলা প্রশিক্ষণের সময়।
- নির্দিষ্ট সময়ের আগে প্রশিক্ষণের স্থানে উপস্থিত হওয়া।
- সবাই মিলে মেঝেতে গোল করে বসা।
- লোক কল্যাণ পরিষদের অন্য কোনও সি ডি/গান (নতুন পথ চলা) বা স্বনির্ভর দলের শপথ দিয়ে প্রশিক্ষণ শুরু করা।

- আলোচনায় সবাইকে যুক্ত করা এবং সকলের মত প্রকাশের উপযুক্ত পরিবেশ তৈরি করা।
- সেশন প্ল্যান অনুযায়ী খেলা, ছবি ও পোস্টার ব্যবহার করা এবং এগুলি ব্যবহার করার সময় অংশগ্রহণকারীদের কাছে পৌঁছানো।
- একটানা বক্তৃতা এড়িয়ে চলা এবং মাঝে মাঝে প্রাসঙ্গিক গল্প বা ঘটনার উল্লেখ করা।
- প্রতিটি সেশনের পরে মূল বিষয়গুলি আরও একবার আলোচনা করা সকলে বুঝতে পেরেছে কিনা তা দেখা।
- পারিবারিক কুশল বিনিময় ও গল্প করে ঘরোয়া পরিবেশ বজায় রাখার চেষ্টা করা।
- এলাকার কোনও শক্তিশালী/ ভাল দলের সদস্যাকে এনে মত বিনিময় করানো।
- দলের ধারণা পর্বটি আলোচনার শুরুতে স্পেড সম্পাদিত 'শুভার কথা' সি ডি দেখালে ভাল হয়। সম্ভব না হলে পর্যায়ক্রমে ফ্লিপচার্ট, পোস্টার ব্যবহার করা।

**প্রশিক্ষণের পরে:**

- রিপোর্ট তৈরি করা।
- আলোচিত বিষয়গুলি(মিটিং, সিদ্ধান্ত গ্রহণ, নেতৃত্ব ইত্যাদি) দল পরবর্তীকালে মেনে চলছে কিনা তার তদারকি করা।

## প্রশিক্ষণ পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা/প্রশিক্ষণ উপকরণ

১। **হোয়াইট বোর্ড:** হোয়াইট বোর্ডের জন্য সুনির্দিষ্ট পেন এবং ব্ল্যাক বোর্ডের জন্য চক স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে।

২। **ফ্লিপচার্ট:** আলাদাভাবে সংগ্রহ করতে হবে। আনন্দধারা/স্পেডের প্রকাশিত 'স্বনির্ভর দল-উন্নত জীবন' ফ্লিপচার্ট ব্যবহার করা যেতে পারে।

৩। **মা এবং শুভার কথা (সি ডি):** লোক কল্যাণ পরিষদের প্রকাশিত সি ডি আলাদাভাবে সংগ্রহ করতে হবে। সি ডি চালানোর মতো বন্দোবস্ত করতে হবে।

৪।লোক কল্যাণ পরিষদের **মহিলা কিষাণ সশক্তিকরণ পরিযোজনায়** সম্পাদিত 'এম কে এস পি' বা 'এস এইচ জি' পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশান সংগ্রহ করতে হবে।

৫। লোক কল্যাণ পরিষদের 'মহিলা কিষাণ **সশক্তিকরণ** পরিযোজনায়' প্রকাশিত ভার্মি কম্পোস্ট বা কেঁচো সার, এজোলা চাষের পি পি টি ও সি ডি সংগ্রহ করতে হবে।

৬।লোক কল্যাণ পরিষদের প্রকাশিত বিভিন্ন জৈব সার যথা নাদেপ কম্পোস্ট, ঘনজীবামৃত, দ্রবজীবামৃত, অমৃত জল ইত্যাদি এবং জৈব কীটনাশক যথা নিমাস্ত্র, আগ্নেয়াস্ত্র, ব্রহ্মাস্ত্র, সংগ্রাহক, পঞ্চগোব্য ইত্যাদির সিডি ও পি পি টি সংগ্রহ করতে হবে।

৭। লোক কল্যাণ পরিষদের প্রকাশিত 'পরিবেশমুখী প্রাকৃতিক সম্পদ ব্যবহারের সহজপাঠ' এর ১, ২ ও ৩ নং পুস্তিকা সংগ্রহ করতে হবে।

## অধিবেশনের রূপরেখা

### ১ম দিন

| সময় | বিষয় | উপ-বিষয় | পদ্ধতি | উপকরণ |
|---|---|---|---|---|
| ৬০ মি: | নাম নথিভুক্তিকরণ | | ফর্ম পূরণ | |
| | পরিচিতি | | | |
| | প্রশিক্ষণের উদ্দেশ্য | | আলোচনা | |
| ৬০ মিঃ | স্বনির্ভর দলের ধারনা | প্রেক্ষাপট | অংশগ্রহণমূলক আলোচনা / Audio-Visual | লোককল্যাণ পরিষদের মা সি ডি এবং স্পেড এর শুভার কথা সি ডি |

দুপুরের আহারের বিরতি

| সময় | বিষয় | উপ-বিষয় | পদ্ধতি | উপকরণ |
|---|---|---|---|---|
| ৬০ মি: | সামগ্রিক রোজগারে মেয়েদের ভূমিকা | চাষবাস ও পরিবেশ সর্ম্পকে ধারণা | অংশগ্রহণমূলক আলোচনা / Slide Show | লোককল্যাণ পরিষদের সহজ পাঠ-১ |
| ৬০ মিঃ | এন. পি. এম. | এন. পি. এম. কি ও কেন ? | অংশগ্রহণমূলক আলোচনা / স্লাইড-শো | লোক কল্যাণ পরিষদের সহজ পাঠ - ২ এবং এন.পি.এম-এর পিপিটি |
| ৩০ মিঃ | বিভিন্ন জৈবসার | কেঁাচোসার, তৈরি ও তার ব্যবহার | অংশ গ্রহণমূলক আলোচনা / স্লাইড-শো | কেঁচোসার -এর পি পি টি ও সি ডি |
| ৩০ মিঃ | বিভিন্ন জৈবসার | নাদেপ কম্পোস্ট তৈরি ও তার ব্যবহার | অংশ গ্রহণমূলক আলোচনা / স্লাইড-শো | নাদেপ কম্পোস্ট-এর পি পি টি ও সি ডি |
| ৩০ মিঃ | বিভিন্ন জৈবসার | ঘনজীবামৃত তৈরি ও তার ব্যবহার | অংশ গ্রহণমূলক আলোচনা | ঘনজীবামৃত-এর পিপিটি |

পরের দিনের আশু কাজ/সময় ঘোষণা/রাতের জন্য করণীয় কাজ

২য় দিন

| সময় | বিষয় | উপ-বিষয় | পদ্ধতি | উপকরণ |
|---|---|---|---|---|
| ৫ মিঃ | সময়মত উপস্থিত হওয়া/ নাহলে হাতে তালি দেওয়া বা ফাইন দেওয়া | বরফ গলানোর খেলা | অংশগ্রহণ মূলক আলোচনা | |
| ৩০ মিঃ | আগের দিনের আলোচনার সার সংক্ষেপ | প্রেক্ষাপট | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৬০ মিঃ | জৈব সার তৈরী | অ্যাজোলা, দ্রবজীবামৃত, অমৃতজল | অংশগ্রহণমূলক আলোচনা | অ্যাজোলা, দ্রবজীবামৃত অমৃতজল-এর পিপিটি লোককল্যাণ পরিষদের সহজপাঠ - ২ |
| | মধ্যাহ্নভোজের বিরতি | | | |
| ৬০ মিঃ | জৈবসার | সঞ্জীবক তৈরী | অংশগ্রহণমূলক আলোচনা | সঞ্জীবক তৈরীর সিডি |
| ৩০ মিঃ | জৈবসার | তরলসার, সবুজ সার চাষ | অংশগ্রহণমূলক আলোচনা | লোককল্যাণ পরিষদের সহজ পাঠ-৩ |
| ৩০ মিঃ | দলের কর্ম পরিকল্পনা তৈরি | দলের আশুকরণীয় কাজগুলিকে চিহ্নিত করা এবং তার ভিত্তিতে আগামী দিনের কর্ম পরিকল্পনা তৈরি করা | চিন্তার ঝড় | হোয়াইট বোর্ড |

পরের দিনগুলির আশু কাজ ও সময় ঘোষণা/সামনে করণীয় কাজ

৩ য় দিন

| সময় | বিষয় | উপ-বিষয় | পদ্ধতি | উপকরণ |
|---|---|---|---|---|
| ৫ মিঃ | সময়মত উপস্থিত হওয়া/ নাহলে হাতে তালি দেওয়া বা ফাইন দেওয়া | কাঁচের গ্লাসের খেলা | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৩০ মিঃ | আগের দিনের আলোচনার সার সংক্ষেপ | প্রেক্ষাপট | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৩০ মিঃ | জৈব কীটনাশক | নিমাস্ত্র | লোক কল্যাণ পরিষদের সি ডি / স্লাইড-শো | লোক কল্যাণ পরিষদের সহজ পাঠ - ৯ এবং নিমাস্ত্র-এর সিডি |
| ৬০ মিঃ | জৈব কীনাশক | আগ্নেয়াস্ত্র | লোক কল্যাণ পরিষদের সি ডি / স্লাইড-শো | লোক কল্যাণ পরিষদের সহজ পাঠ - ৯ এবং আগ্নেয়াস্ত্র-এর সিডি |
| | | মধ্যাহ্নভোজের বিরতি | | |
| ১২০ মিঃ | জৈব কীটনাশক তৈরি ও তার প্রয়োগ ব্যবস্থাপনা এবং মাটির স্বাস্থ্য সংরক্ষণ | ব্রহ্মাস্ত্র, পঞ্চগব্য ও সংহারক ইত্যাদি। | লোককল্যাণ পরিষদের সি ডি / স্লাইড-শো | লোককল্যাণ পরিষদের ব্রহ্মাস্ত্র, পঞ্চগব্য ও সংহারক -এর সি ডি ও পি পি টি। |
| ৬০ মি: | দলের কর্ম পরিকল্পনা তৈরি | দলের আশুকরণীয় কাজগুলিকে চিহ্নিত করা এবং তার ভিত্তিতে আগামী দিনের কর্ম পরিকল্পনা তৈরি করা | চিন্তার ঝড় | হোয়াইট বোর্ড |

পরের দিনের আশু কাজ/সময় ঘোষণা/সামনে করণীয় কাজ

৪র্থ দিন

আসে পাশের ভালো এন.পি.এম সপ, কেঁচোসার প্রকল্প, নাদেপ কম্পোস্ট, বিভিন্ন জৈবসার ও জৈব ঔষধ তৈরির প্রকল্প, অ্যাজোলা চাষ ইত্যাদির প্রদর্শন ক্ষেত্র পরিদর্শন

৫ম দিন

| সময় | বিষয় | উপ-বিষয় | পদ্ধতি | উপকরণ |
|---|---|---|---|---|
| ৫ মিঃ | সময়মত উপস্থিত হওয়া/ নাহলে হাতে তালি দেওয়া বা ফাইন দেওয়া | | | |
| ৬০ মি: | আগের দিনের আলোচনার সার সংক্ষেপ | প্রেক্ষাপট | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৬০ মিঃ | বিভিন্ন জৈবসার ও জৈব ঔষধ তৈরি ও তার আয় ব্যয়ের হিসাব। | | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৬০ মিঃ | ক্ষুদ্রঋণ পরিকল্পনার মাধ্যমে উদ্যোগপতি | ক্ষুদ্রঋণ কী ও কীভাবে পাওয়া যায়। | অংশগ্রহণমূলক আলোচনা | |
| ৬০ মি: | দলের কর্ম পরিকল্পনা | দলের আশুকরণীয় কাজগুলিকে চিহ্নিত করা এবং তার ভিত্তিতে আগামী দিনের কর্মপরিকল্পনা তৈরি করা | চিন্তার ঝড় | হোয়াইট বোর্ড |

# এন. পি. এম. বিষয়ে পরবর্তী দিনগুলির কর্ম পরিকল্পনা।

প্রশিক্ষকদের মূল্যায়ন:

| প্রশিক্ষকের বিষয় ভিত্তিক সেশন | প্রশিক্ষকের নাম | মূল্যায়ন (√ চিহ্ন দিতে হবে) | | | প্রশিক্ষণার্থীদের মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | খুব ভাল | ভাল | মাঝারি | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |